

# ১৫ নভেম্বর ২০০৮ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ৬ষ্ঠ সভায় অনুমোদিত 'নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা' :

## ১. সাধারণ নিয়মাবলী :

ক. প্রতিটি অনুষদের ডীন, অধ্যাপক ও বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ পর্যায়ক্রমে প্রধান প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন। অধ্যাপক পদমর্যাদার শিক্ষক না থাকলে বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ পর্যায়ক্রমে প্রধান প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন।

খ. প্রতি অনুষদের আওতাধীন সকল বিভাগের পরীক্ষা সমন্বিতভাবে গ্রহণ করা হবে। অনুষদ বিভক্ত হওয়ার পূর্ব পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের পরীক্ষা সমন্বিতভাবে গ্রহণ করা হবে।

গ. পরীক্ষার জন্য আলাদা হল না হওয়া পর্যন্ত ক্লাশরুমগুলোতে পরীক্ষা গ্রহণ করা হবে। একটি ভবনে একই সময়ে যতগুলো রুমে পরীক্ষা অনুষ্ঠিত হবে তার সবগুলোর জন্য একজন মাত্র প্রধান প্রত্যবেক্ষক দায়িত্ব পালন করবেন।

ঘ. যে কোন অনুষদের ডীনের অফিসকক্ষ বা সম্মেলন কক্ষ (যদি থাকে) পরীক্ষার নিয়ন্ত্রণ কক্ষ হিসেবে ব্যবহৃত হবে। যতক্ষণ ডীন বা তার অফিস বা সম্মেলন কক্ষের সংস্থান না হয় ততদিন কোন একজন বিভাগীয় চেয়ারম্যানের অফিসকক্ষ (যেটা সবচেয়ে সুবিধাজনক হয়) নিয়ন্ত্রণ কক্ষ হিসেবে ব্যবহৃত হবে।

ঙ. পরীক্ষা অনুষ্ঠানের ন্যূনপক্ষে ১০ (দশ) দিন পূর্বে বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ শিক্ষকদের তালিকা (জ্যেষ্ঠতা অনুযায়ী) পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করবেন।

চ. সকল শিক্ষকের জন্য পরীক্ষা কক্ষে প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন বাধ্যতামূলক। কেউ শারীরিক অসুস্থতা বা অন্য কোন জরুরী কারণে নির্ধারিত দিনে প্রধান প্রত্যবেক্ষকের/প্রত্যবেক্ষকের দায়িত্ব পালনে অসমর্থ হলে নির্দিষ্ট সময় পূর্বেই পরীক্ষা নিয়ন্ত্রক অফিসকে অবহিত করবেন যাতে উপাচার্যের সম্মতিক্রমে যথাসময়ে অন্য একজন প্রধান প্রত্যবেক্ষক/প্রত্যবেক্ষক নিয়োগ দেয়া যায়। অননুমোদিতভাবে কেউ পরীক্ষা হলে অনুপস্থিত থাকতে পারবেন না।

ছ. পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর কর্তৃক প্রধান প্রত্যবেক্ষক এবং প্রত্যবেক্ষকের তালিকা প্রস্তুত করে উপাচার্যের অনুমোদন নেবেন এবং পরীক্ষা অনুষ্ঠানের প্রথম দিনের ন্যূনপক্ষে ৪ (চার) কর্মদিবস পূর্বে প্রধান প্রত্যবেক্ষক ও প্রত্যবেক্ষকবৃন্দকে অবগত করবেন।

জ. প্রতি পরীক্ষার দিন নিয়ন্ত্রণ কক্ষে গিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক কক্ষ অনুযায়ী সিলমোহরকৃত প্যাকেট প্রধান প্রত্যবেক্ষকের নিকট হস্তান্তর করবেন।

ঝ. পরীক্ষা কক্ষ সন্নিহিত টয়লেটসমূহ পরীক্ষা হলের অংশ হিসেবে বিবেচিত হবে।

ঞ. পরীক্ষা কক্ষে দায়িত্বপ্রাপ্ত প্রত্যবেক্ষকদের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি ঐ কক্ষের অধিকর্তা থাকবেন।

## ২. প্রধান প্রত্যবেক্ষকের কর্তব্য :

ক. প্রধান প্রত্যবেক্ষক পরীক্ষা সংক্রান্ত সকল দায়িত্ব পালন করবেন।

খ. পরীক্ষা শুরু হওয়ার ৪৫ মিনিট পূর্বে নিয়ন্ত্রক কক্ষে উপস্থিত হয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের তত্ত্বাবধানে রক্ষিত কক্ষ অনুযায়ী সিলমোহরকৃত প্রশ্নপত্র, উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ করবেন।

গ. যথাসময়ে প্রত্যবেক্ষকগণ উপস্থিত হ'লে তাঁদের মধ্যে পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী প্রশ্নপত্র, উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্রসহ পরীক্ষা কক্ষে ব্যবহৃত অন্যান্য কাগজপত্রাদি সরবরাহ করবেন।

ঘ. প্রত্যবেক্ষকগণ যাতে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করতে পারেন সে জন্য তাদেরকে সার্বক্ষণিক সহযোগিতা করবেন। এ জন্য তিনি সর্বদা পরীক্ষা কক্ষসমূহ পরিদর্শন করবেন।

ঙ. পরীক্ষা কক্ষে প্রত্যবেক্ষকগণ সার্বক্ষণিক সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা পর্যবেক্ষণ করবেন।

চ. প্রত্যবেক্ষকগণ কর্তৃক কোন পরীক্ষার্থীর অসদুপায় অবলম্বন সংক্রান্ত প্রতিবেদন প্রদানের সাথে অপরাধের মাত্রা অনুযায়ী ছাত্র শৃংখলা বিধিতে বর্ণিত বিধান অনুযায়ী তাৎক্ষণিক শাস্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং পরীক্ষা কক্ষে/কক্ষসমূহে সংশ্লিষ্ট সকলকে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দিবেন।

ছ. প্রত্যবেক্ষক কর্তৃক পেশকৃত পরীক্ষার্থীর অসদুপায় সংক্রান্ত প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ের শৃংখলা কমিটিতে প্রেরণ করবেন।

জ. পরীক্ষা শেষে প্রত্যবেক্ষকদের নিকট থেকে উত্তরপত্র গ্রহণ করবেন।

ঝ. কোন প্রত্যবেক্ষক বিনা অনুমতিতে অনুপস্থিত থাকতে পারবেননা। অননুমোদিতভাবে অনুপস্থিত থাকলে প্রধান প্রত্যবেক্ষক কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পাঠাবেন।

ঞ. পরীক্ষা শুরু হওয়ার পূর্বে প্রধান প্রত্যবেক্ষক পরীক্ষা স্থানের অপ্রয়োজনীয় কাগজপত্রাদি সরিয়ে ফেলার ব্যবস্থা নিবেন।

ট. ৩ কপি টপশীট যথাযথভাবে পূরণ করে প্রধান প্রত্যবেক্ষক স্বাক্ষর করবেন। ১ কপি উত্তরপত্রের প্যাকেটের ভেতরে থাকবে, আর ১ কপি প্যাকেটের উপরে লাগিয়ে দিতে হবে এবং অবশিষ্ট কপি পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে।

### ৩. প্রত্যবেক্ষকের কর্তব্য :

ক. পরীক্ষা আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রত্যেক প্রত্যবেক্ষককে নিয়ন্ত্রণকক্ষে উপস্থিত থাকতে হবে।

খ. প্রত্যবেক্ষকগণ পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীদের কাছে উত্তরপত্র, প্রশ্নপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং যাবতীয় কাগজপত্র বিতরণ করবেন।

গ. পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীরা যাতে কোনরূপ অসদুপায় অবলম্বন করতে না পারে সেদিকে প্রত্যবেক্ষকগণকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

ঘ. পরীক্ষা শুরুর সময় থেকে শেষ পর্যন্ত প্রত্যবেক্ষককে পরীক্ষার হলে অবস্থান করতে হবে। প্রত্যবেক্ষকের দায়িত্ব পালনকালে প্রত্যবেক্ষকগণ অন্য সকল দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন।

ঙ. পরীক্ষা আরম্ভ হওয়ার আধাঘণ্টা পর থেকে প্রত্যবেক্ষককে পরীক্ষার্থীগণের উত্তরপত্রের প্রচ্ছদে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীগণ যাতে তাদের উত্তরপত্রের উপরে প্রবেশপত্র অনুযায়ী পরীক্ষার রোল নম্বর লিপিবদ্ধ করে তা প্রত্যবেক্ষককে যাচাই করে দেখতে হবে। সে সময়ই হাজিরাপত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন।

চ. প্রতিটি অতিরিক্ত উত্তরপত্র প্রদানের সময় প্রত্যবেক্ষককে তাতে স্বাক্ষর করতে হবে এবং উত্তরপত্রে রোল নম্বর লেখা হয়েছে কি-না তা নিশ্চিত করতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সরবরাহকৃত আলাদা নির্ধারিত কাগজে অতিরিক্ত উত্তরপত্র প্রদানের রেকর্ড রাখতে হবে।

ছ. পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীগণ যাতে সাবলীলভাবে পরীক্ষা দিতে পারে সে ব্যাপারে প্রত্যবেক্ষকগণ সজাগ দৃষ্টি রাখবেন।

জ. প্রত্যবেক্ষক পরীক্ষার্থীদেরকে উত্তরপত্রের উভয় পৃষ্ঠায় লিপিবদ্ধ করতে নির্দেশ প্রদান করবেন।

ঝ. প্রত্যবেক্ষকগণ পরীক্ষার্থীদের উত্তরপত্রসমূহ সংগ্রহ করে রোল নম্বর অনুযায়ী প্রধান প্রত্যবেক্ষকের নিকট বুঝিয়ে দিবেন। প্রধান প্রত্যবেক্ষক পরীক্ষার্থীদের উত্তরপত্র সঠিকভাবে বুঝে না পাওয়া পর্যন্ত প্রত্যবেক্ষকগণ নিয়ন্ত্রণ কক্ষ ত্যাগ করতে পারবেন না। প্রধান প্রত্যবেক্ষক উত্তরপত্রসমূহ সংগ্রহ করে নিয়ন্ত্রণ কক্ষেই পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট বুঝিয়ে দিবেন।

ঞ. পরীক্ষা কক্ষে মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ।

ট. পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে উত্তরপত্র ও প্রশ্নপত্র এবং পরীক্ষা কক্ষে চাবি সঙ্গে নিয়ে প্রত্যবেক্ষক পরীক্ষা কক্ষে প্রবেশ করবেন এবং প্রত্যবেক্ষকের সম্মুখে পিয়ন কক্ষ খুলবে। পরীক্ষা শেষে পরীক্ষা কক্ষ বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করবেন। তবে পরীক্ষা কক্ষ আলাদা না হওয়া পর্যন্ত এ নিয়ম শিথিলযোগ্য।

#### ছাত্র অনুপাতে প্রত্যবেক্ষকের সংখ্যা নির্ধারণ :

সাধারণত প্রতি ২০ (বিশ) জন পরীক্ষার্থীর জন্য ১ (এক) জন প্রত্যবেক্ষক নিয়োগ করা হবে। ক্ষেত্রবিশেষে ২০ (বিশ) জন পরীক্ষার্থীর অধিক ২৫ (পঁচিশ) জন পরীক্ষার্থীর জন্য ১ (এক) জন প্রত্যবেক্ষক নিয়োগ দেয়া যেতে পারে। তবে কোনক্রমেই একটি পরীক্ষা কক্ষে ২ (দুই) জনের কম প্রত্যবেক্ষক নিয়োগ দেয়া যাবে না।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী)

উপাচার্য, নোবিপ্রবি ও আহ্বায়ক

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি

স্বাক্ষরিত

(জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ফার্মেসী বিভাগ, নোবিপ্রবি ও সদস্য

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি

স্বাক্ষরিত

(জনাব মো: জাবেদ হোসেন)

সহকারী অধ্যাপক, সিএসটিই বিভাগ, নোবিপ্রবি ও সদস্য

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি

স্বাক্ষরিত

(প্রফেসর মাদিনউদ্দিন আহমদ চৌধুরী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, নোবিপ্রবি ও সদস্য-সচিব

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি